## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১৬

তারিখ: ১৬ ভাদ্র , ১৪২৯ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৩৭ তম কমিশন সভা অদ্য ৩১/০৮/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১. কমিশন অদ্যকার সভায়, Al-Arafah Islami Bank Limited এর ৫০০.০০ (পাঁচ শত) কোটি টাকার ৭ (সাত) বছর মেয়াদী Non-convertible, Floating rate, 4th AIBL Mudaraba Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী ব্যক্তিদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে ব্যাংকটি বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী Tier-2 Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। বন্ডটির Trustee হিসাবে কাজ করছে First Security Islami Capital & Investment Limited. Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে UCB Investment Ltd. এবং Prime Bank Investment Ltd. কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

২. কমিশন অদ্যকার সভায়, Asiatic Laboratories Limited এর আবেদনের প্রেক্ষিতে ৯৫.০০ কোটি টাকা বুক বিল্ডিং পদ্ধতিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলন করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই IPO এর মাধ্যমে ৯৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ব্যবসায় সম্প্রসারণ, উৎপাদন ভবন নির্মাণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে জুন, ২০২১ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী পুন:মূল্যায়ন সহ শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share with Revaluation Surplus) ৫৬.৬১ টাকা, পুন:মূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share without Revaluation Surplus) ৩৫.৪৮ টাকা, শেয়ার প্রতি আয় ৩.৬৫ টাকা এবং বিগত ৫ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ৩.২১ টাকা। Asiatic Laboratories Limited, cut off price থেকে 30% discount অথবা ২০ টাকা; দুটির মধ্যে যেটি কম সে মূল্যে সাধারণ বিনিয়োগকারীর (General Public) নিকট শেয়ার ইস্যু করবে। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Shahjalal Equity Management Limited। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

31-08-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র